গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকৃতি কন্যা সিলেট

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

জকিগঞ্জ, সিলেট।

www.zakiganj.sylhet.gov.bd

উপজেলা ইনোভেশন টিমের নভেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | বিজন কুমার সিংহ<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ১৪/১১/২০১৯ |
| সভার সময় | বিকাল ০৩.৩০ টা |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ১৬/১০/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অত:পর সভায় আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা: উপজেলা ইনোভেশন অফিসার জানান, অত্র উপজেলাধীন ইনোভেশন টিমের হালনাগাদ করা হয়েছে। সভাপতি জানান, 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৯-২০২০' এর আলোকে ২০১৯-২০২০ অর্থ বছরে উপজেলা পর্যায়ে 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০' প্রণয়ন করা হয়েছে। 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০' বাস্তবায়নের জন্য সকলকে তৎপর হওয়া প্রয়োজন। | ক। 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০' বাস্তবায়নের জন্য সকলকে তৎপর হতে হবে। | উপজেলা ইনোভেশন কমিটির সদস্য (সকল) |
| ০২ | উদ্ভাবন কর্মপরিকল্পনার স্ব-মুল্যায়ন প্রতিবেদন: 'বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৯-২০২০' এর আলোকে উপজেলা পর্যায়ের উদ্ভাবন কর্ম-পরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ৩০ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে প্রস্তুত করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) উপজেলা পর্যায়ের উদ্ভাবন কর্ম-পরিকল্পনার অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন ৩০ ডিসেম্বর ২০১৯ এর মধ্যে প্রস্তুত করতে হবে। | উপজেলা ইনোভেশন কমিটির সদস্য(সকল) |
| ০৩ | বিবিধ: সভায় উপজেলার সকল অফিসের দাপ্তরিক ওয়েব পোর্টালে সৃষ্ট 'ইনোভেশন কর্নার' সাব-মেন্যুতে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের তথ্য হালনাগাদ করার বিষয়ে আলোচনা হয়।<br>একসেবা কার্যক্রম ও ৩৩৩ সহ অন্যান্য সকল নাগরিক সেবা সংক্রান্ত তথ্য বহুল প্রচারের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। | ক) উপজেলার সকল অফিসের দাপ্তরিক ওয়েব পোর্টালে সৃষ্ট 'ইনোভেশন কর্নার' সাব-মেন্যুতে ইনোভেশন সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করতে হবে।<br>খ) ৩৩৩ সহ অন্যান্য সকল নাগরিক সেবা সংক্রান্ত তথ্য বহুল প্রচার অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রোগ্রামার/ **দপ্তর প্রধান (সকল)** |

পরিশেষে **সকল** সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরও তৎপর হওয়ার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বিজন কুমার সিংহ
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৯৪.০০০.১৩.০১০.১৮.১৬৩৩

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪২৬
১৯ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩) সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, জকিগঞ্জ, সিলেট
৪) উপজেলা কৃষি কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট।
৫) উপজেলা মৎস্য অফিসার, জকিগঞ্জ, সিলেট
৬) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জকিগঞ্জ, সিলেট
৭) উপজেলা সমাজসেবা অফিসার, জকিগঞ্জ, সিলেট
৮) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জকিগঞ্জ, সিলেট

বিজন কুমার সিংহ
উপজেলা নির্বাহী অফিসার